দৈনিক বাংলা

17

তারিখ ... 02 APR 1990 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

# ভিসির নিয়োগ বৈধ ঃ শিক্ষক সমিতি সভাপতি

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ইয়াজউদ্দিন আহমদ বলেছেন, বর্তমান ভিসির

(৩–এর পৃঃ দ্রঃ)

## শিক্ষক সমিতি সভাপতি

প্রথম পৃঃ পর

নিয়োগ '৭৩–এর অধ্যাদেশ অনুসারেই হয়েছে। শিক্ষকদের তলবী সভা সম্পর্কে তাঁর প্রতিক্রিয়া জানতে চাওয়া হলে গতকাল রাতে তিনি একথা বলেন।

প্রফেসর ইয়াজউদ্দিন বলেন, ভিসির নিয়োগের বৈধতা চ্যালেঞ্জ করে সমিতির ৫৪ জন শিক্ষক তলবী সভা আহবান করেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রায় এক হাজার শিক্ষকের মধ্যে এই সংখ্যা মুষ্টিমেয়। ভিসির নিয়োগ আইন অনুযায়ী হওয়ার পরও প্রশ্ন তোলা অনভিপ্রেত।

বিশ্ববিদ্যালয় বর্তমানে এক সংকটকাল অতিক্রম করছে। এই মুহূর্তে গোষ্ঠীস্বার্থ অতিক্রম করে বৃহত্তর স্বার্থে একতাবদ্ধ হবেন— শিক্ষকদের কাছে সেটাই এখন সবাই প্রত্যাশা করছেন।

### ভিসি'র প্রতিক্রিয়া

শিক্ষকদের তলবী সভা সম্পর্কে প্রতিক্রিয়া জানতে চাওয়া হলে ভাইস-চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামান মিঞা গতরাতে এ রিপোর্টারকে বলেন, চ্যান্সেলর তাকে বিশ্ববিদ্যালয়ের অধ্যাদেশ অনুসারেই নিয়োগ দিয়েছেন। এই নিয়োগ সাময়িক না স্থায়ী তা নিয়ে অহেতুক বিতর্কের কোন অবকাশ নেই। এ বিতর্কে না জড়িয়ে বিশ্ববিদ্যালয় খোলা এবং শিক্ষার্থীদের নির্বিঘ্ন শিক্ষা জীবন নিশ্চিত করার জন্যে তিনি কাজ করে যাচ্ছেন। তবে তিনি তাঁর নিয়োগকে সাময়িক বলে জানান।